

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৬.২৩.০৩৩.১৩-১৯০


তারিখ : ২৬.০৭.২০১৬ খ্রিঃ

বিষয়ঃ আন্তর্জাতিক যুবদিবস ২০১৬ উদযাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২ আগস্ট ২০১৬ খ্রিঃ আন্তর্জাতিক যুবদিবস। আন্তর্জাতিক যুবদিবস ২০১৬ উপলক্ষে জাতিসংঘ কর্তৃক নির্ধারিত প্রতিপাদ্য বিষয় এখনও জানা যায়নি। প্রতিপাদ্য বিষয় জানার পর পরই ডাকযোগে এবং অধিদপ্তরের ওয়েব সাইটের মাধ্যমে সকলকে অবহিত করা হবে।

আন্তর্জাতিক যুবদিবস পালন করার জন্য ঢাকা জেলা ব্যতিত ৬৩টি জেলায় ৩,০০০/- (তিন হাজার) টাকা করে মোট ১,৮৯,০০০/- (এক লক্ষ ঊননব্বই হাজার) টাকা অর্থ বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উপজেলা পর্যায়ে আর্থিক বরাদ্দ প্রদানের সংস্থান না থাকায় সংগঠন ও সফল যুবদের সহায়তায় দিবসটি উদযাপনের ব্যবস্থা নিতে হবে। দিবসটি পালনে আলোচনা সভা, র্যালী, বৃক্ষরোপন, রক্তদান কর্মসূচি, জঙ্গি ও সন্ত্রাসবাদ বিরোধী সমাবেশ ইত্যাদি সহ স্থানীয়ভাবে জনকল্যাণকর যে কোন কর্মসূচি নেয়া যেতে পারে। কর্মসূচিতে অতিথি হিসেবে স্থানীয় জনপ্রতিনিধিদের উপস্থিত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থী, আত্মকর্মী, তালিকাভুক্ত যুব সংগঠনের প্রতিনিধিবৃন্দ ও সুধিজনের ব্যাপক উপস্থিতির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আন্তর্জাতিক যুবদিবস ২০১৬ উদযাপনের জন্য স্থানীয় প্রশাসনের সহায়তা ও পরামর্শ নিয়ে অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করতে হবে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের ১৫(পনের) দিনের মধ্যে সচিত্র প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।


(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন-৯৫৫৯৩৮৯।

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

.....(সকল) জেলা।

অনুলিপিঃ

- ০১। জেলা প্রশাসক(৬৩টি) জেলা।
- ০২। পরিচালক/প্রকল্প পরিচালক(সকল)..... যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা,..... উপজেলা,.....জেলা।
- ০৪। উপ-পরিচালক....., যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাতার, ঢাকা।
- ০৬। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা জেলা, ঢাকা।
- ০৭। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,..... উপজেলা.....জেলা।
- ০৯। অফিস কপি।